

বাংলাদেশ তাঁত বোর্ড  
বিটিএমসি ভবন (৫ম)তলা  
৭-৯, কাওরান বাজার  
ঢাকা-১২১৫


নং- ২৪.০৫.০০০০.৫২২.৩৫.০২৪(অংশ-১).১৮-৪৬০

তারিখঃ ১৮-১১-২০১৮খ্রিঃ

বিষয় : ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০১৯ এ বাতীবো প্যাভিলিয়নে অংশগ্রহণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাণিজ্য মন্ত্রণালয় ও রপ্তানি উন্নয়ন ব্যুরোর যৌথ উদ্যোগে ঢাকার শেরে বাংলা নগরে অবস্থিত বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের পশ্চিম পাশে আগামী ০৯ জানুয়ারি থেকে ০৮ ফেব্রুয়ারি, ২০১৯ সময়কালে ২৪তম “ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০১৯” এ বাংলাদেশ তাঁত বোর্ড একটি প্যাভিলিয়ন বরাদ্দ নেয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত প্যাভিলিয়নে প্রকৃত তাঁতি/তাঁতি সমিতি/তাঁতবস্ত্র রপ্তানিকারক/বহুমুখী বস্ত্র উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে অনুপ্রাণিত ও উৎসাহিত করার জন্য তাঁদের পণ্য উক্ত প্যাভিলিয়নে প্রদর্শন ও বিক্রয়ের জন্য কিছু সংখ্যক স্টল বরাদ্দ দেয়ার ব্যবস্থা নেয়া হচ্ছে। এ মেলায় তাঁতবস্ত্র প্রদর্শন ও বিক্রয়ে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানকে নির্ধারিত ফরমে ও নির্ধারিত তারিখের মধ্যে চেয়ারম্যান, বাতীবো বরাবর আবেদন করতে হবে। আবেদন ফরম বাংলাদেশ তাঁত বোর্ডের ওয়েব সাইটে([www.bhb.gov.bd](http://www.bhb.gov.bd)) পাওয়া যাবে। আবেদনে বিস্তারিত উল্লেখ থাকবে।

সংশ্লিষ্ট বেসিক সেন্টারের লিয়াজেঁ অফিসার তার এলাকাধীন সকল তাঁতি সমিতি/তাঁত কারখানার মালিক/তাঁত বস্ত্র উৎপাদনকারী ও রপ্তানিকারক প্রতিষ্ঠান/বহুমুখী বস্ত্র উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে বাতীবোর প্যাভিলিয়নে স্টল বরাদ্দ নেয়ার বিষয়টি অবগতসহ অংশগ্রহণে উৎসাহিত করার জন্য অনুরোধ করা হলো।



রতন চন্দ্র সাহা

উপ-মহাব্যবস্থাপক(মার্কেটিং)

ফোন: ০২-৮১৮৯৩৪৪

e-mail : [dgm.scr@bhb.gov.bd](mailto:dgm.scr@bhb.gov.bd)


বিতরণঃ

লিয়াজেঁ অফিসার

বেসিক সেন্টার, -----

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)

- ১। সদস্য (এসএন্ডএম/অর্থ/পবা/ওএন্ডএম), বাতীবো, ঢাকা।
- ২। সহকারী প্রধান (এমই) ও আইসিটি ফোকাল পয়েন্ট, বাতীবো ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হ'ল।
- ৩। সমন্বয় কর্মকর্তা, বাতীবো, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সভাপতি/সম্পাদক, বাংলাদেশ জাতীয় তাঁতি সমিতি, কাওরান বাজার, ঢাকা।
- ৫। সভাপতি/সম্পাদক-----



রতন চন্দ্র সাহা

উপ-মহাব্যবস্থাপক(মার্কেটিং)